## আগামী ২রা আগস্ট,২০১৯ইং তারিখ হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং তারিখ পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের অবকাশকালীন বেঞ্চ সমূহ নিম্নরুপঃ

| | |
|---|---|
| ১. **বিচারপতি এস, এম, এমদাদুল হক**<br>**এবং**<br>**বিচারপতি এস এম কুদ্দুস জামান**<br>(২রা আগস্ট,২০১৯ইং হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং পর্যন্ত) | একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন; ফৌজদারী বিবিধ মোকদ্দমা এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন। |
| ২. **বিচারপতি বোরহান উদ্দিন**<br>**এবং**<br>**বিচারপতি মোঃ রিয়াজ উদ্দিন খান**<br>(২রা আগস্ট,২০১৯ইং হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং পর্যন্ত) | একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দেওয়ানী মোশন; শুনানীর জন্য প্রথম আপীল, প্রথম আপীল (প্রবেট), প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ৬,০০,০০০ টাকার উর্ধ্বমানের প্রথম বিবিধ আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দেওয়ানী রুল ও রিভিশন মোকদ্দমা; হাইকোর্ট রুলের ৯ অধ্যায়ের ১৪ রুল অনুযায়ী শুনানীর জন্য ৬,০০,০০০ টাকার উর্ধ্বমানের আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দেওয়ানী রুল, দেওয়ানী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র হইতে উদ্ভূত সকল লয়াজিমা বিষয়; ২০০১ইং সনের ১নং আইনের (শালিশী আইন ২০০১) ৪৮(ক), খ এবং গ ধারা মোতাবেক আপীল; ইউনিয়ন পরিষদ, পৌরসভা (বিশেষ দায়িত্ব) অধ্যাদেশ, ১৯৯৯ইং আদেশ নং-৬, ১৯৯১ এর অধীন আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী আপীলসমূহ এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন ও শুনানী করিবেন। |
| ৩. **বিচারপতি মোঃ মঈনুল ইসলাম চৌধুরী**<br>**এবং**<br>**বিচারপতি এস, এম, মনিরুজ্জামান**<br>(২রা আগস্ট,২০১৯ইং হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং পর্যন্ত) | একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, সম্পূরক শুল্ক, কাস্টমস, ইনকামট্যাক্স ও নির্বাচন সংক্রান্ত বিষয়াদি সহ সকল প্রকার জরুরী রীট মোশন ও শুনানী; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন,২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন সহ মূল্য সংযোজন কর আইন,১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট রেফারেন্স; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী করিবেন এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন ও শুনানী করিবেন। |
| ৪. **বিচারপতি ওবায়দুল হাসান**<br>**এবং**<br>**বিচারপতি মোহাম্মদ আলী**<br>(২রা আগস্ট,২০১৯ইং হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং পর্যন্ত) | একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন এবং মানি লন্ডারিং আইন সংক্রান্ত ফৌজদারী ও রীট মোশন সহ সকল প্রকার জরুরী রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত অবমাননার অভিযোগপত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। |
| ৫. **বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন**<br>**এবং**<br>**বিচারপতি মোঃ মোস্তাফিজুর রহমান**<br>(২রা আগস্ট,২০১৯ইং হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং পর্যন্ত) | একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ এবং উপরোল্লিখিত |

বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন

৬. **বিচারপতি মোঃ খসরুজ্জামান**
(২রা আগস্ট,২০১৯ইং হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং পর্যন্ত)

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী মোশন; দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের আবেদনপত্র ও প্রথম আপীল, প্রথম আপীল (প্রবেট) এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ২০০১ইং সনের গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা সংশোধিত ১৯৭২ইং সনের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক "নির্বাচনী" আবেদনত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

৭. **বিচারপতি বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার**
(২রা আগস্ট,২০১৯ইং হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং পর্যন্ত)

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যাতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয় সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন,১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন,২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন ও শুনানী করিবেন।

৮. **বিচারপতি মোঃ সেলিম**
(২রা আগস্ট,২০১৯ইং হইতে ১৭ই আগস্ট,২০১৯ইং পর্যন্ত)

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য একক বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন ও রেফারেন্স মোকদ্দমা এবং একক বেঞ্চ গ্রহণযোগ্য দুর্নীতি দমন কমিশন আইনের অধীন দায়েরকৃত মামলা, রায়, আদেশ হইতে উদ্ভূত সকল প্রকারের মোশন ও তদসংক্রান্ত শুনানী; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

প্রধান বিচারপতি
বাংলাদেশ
তারিখঃ ২৯শে ~~আগস্ট~~ জুলাই,২০১৯ইং।

**প্রচারের জন্য ঃ-**

১. বিচারপতি এস, এম, এমদাদুল হক

২. বিচারপতি বোরহান উদ্দিন

৩. বিচারপতি মোঃ মঈনুল ইসলাম চৌধুরী

৪. বিচারপতি ওবায়দুল হাসান

৫. বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন

৬. বিচারপতি মোঃ খসরুজ্জামান

৭. বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার

৮. বিচারপতি মোঃ সেলিম

৯. বিচারপতি মোঃ মোস্তাফিজুর রহমান

১০. বিচারপতি এস এম কুদ্দুস জামান

১১. বিচারপতি মোহাম্মদ আলী

১২. বিচারপতি মোঃ রিয়াজ উদ্দিন খান

১৩. বিচারপতি এস, এম, মনিরুজ্জামান